বাংলাদেশ শিক্ষা (তথ্য) ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

23 NOV 1995

আজকের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ...৮... কলাম ...৪...

১৩

### কারমাইকেল কলেজে শিবিরের সন্ত্রাসিদের হাতে ছাত্র-শিক্ষক লাঞ্ছিত

# শিক্ষকদের অনির্দিষ্টকাল ক্লাস বর্জনের ঘোষণা সর্বদলীয় ছাত্র ঐক্যের সমর্থন

রংপুর থেকে জয়নাল আবেদীন/শফিকুল ইসলাম ঃ রংপুর কারমাইকেল বিশ্ববিদ্যালয় করেজে একাত্তরের নরঘাতক স্বাধীনতা বিরোধী জামাত-শিবির চক্র ফের সন্ত্রাসী তান্ডব শুরু করেছে। কলেজ ক্যাম্পাসে এক শিবির নেতার হাতে কলেজ শিক্ষক লাঞ্ছিত হওয়ার প্রতিবাদে গতকাল থেকেই ফের শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্যে ক্লাস বর্জনের ঘোষণা দিয়েছেন।

জানা গেছে, গত মঙ্গলবার কলেজ ক্যাম্পাসে ব্যবস্থাপনা বিভাগের মেধাবী ছাত্র রেজাকে শিবিরের চিহ্নিত সন্ত্রাসী আমিনুল ও তার সাঙ্গপাঙ্গরা বেদম প্রহার শুরু করলে সে সময় অর্থনীতি বিভাগের সহযোগী অধ্যাপক আব্দুর রাজ্জাক দৌড়ে এসে বাধা দেন। এতে শিবির কর্মিরা ক্ষীপ্ত হয়ে উক্ত শিক্ষকের ওপর চড়াও হয় এবং তাকে লাঞ্ছিত করে। এ ঘটনার প্রতিবাদে কলেজের সকল শিক্ষক জোটবদ্ধভাবে গতকাল বুধবার কলেজ ক্যাম্পাসে প্রতিবাদ সভার আয়োজন করেন। বাংলা বিভাগের প্রধান, অধ্যাপক আলীমুদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শিক্ষকরা জেলা পুলিশ প্রশাসনের দায়িত্বহীনতার অভিযোগ উত্থাপন করেন। প্রতিবাদ সভায় শিক্ষকরা অবিলম্বে সন্ত্রাসী শিবিরচক্রকে কলেজ থেকে বহিষ্কার করার ব্যাপারে ঐকমত্যে পৌছেন। সভায় শিক্ষকরা বলেন, দীর্ঘদিন থেকে শিবিরের সন্ত্রাসিদের হাতে কলেজ প্রশাসন জিম্মি হয়ে পড়েছে। অথচ জেলার পুলিশ প্রশাসন প্রতিবারই এ ব্যাপারে সহযোগিতা না করে উদাসিন্য দেখিয়েছে। বক্তারা বর্তমান পুলিশ প্রশাসনের কার্যকলাপে ক্ষোভ প্রকাশ করে বলেন, রংপুরের পুলিশ এখন একাত্তরের নরঘাতকদের আশ্রয়দাতার ভূমিকাল অবতীর্ণ হয়েছে। প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন- রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহঅধ্যাপক মোজাম্মেল হক, ইংরেজি বিভাগের সহঅধ্যাপক আফছার আলী, ইতিহাস বিভাগের শিক্ষক বেলায়েত হোসেন, বাংলার শিক্ষক মাজহারুল হান্নান, অর্থনীতির শিক্ষক আব্দুল হাকিম, কলেজ অধ্যক্ষ আব্দুল কুদ্দুস বিশ্বাস প্রমুখ।

এদিকে কলেজ শিক্ষকদের প্রতিবাদ সভা শেষে সর্বদলীয় ছাত্রঐক্য শিক্ষকদের এই আন্দোলনের সঙ্গে একাত্মতা ঘোষণা করে কলেজ ক্যাম্পাসে বিরাট বিক্ষোভ মিছিল বের করে। মিছিল শেষে ছাত্ররা প্রতিবাদ সভারও আয়োজন করে। এতে বক্তব্য রাখেন শহিদুল ইসলাম মিন্টু, মিঠু প্রমুখ।